রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, নভেম্বর ২, ২০১৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**(উপজেলা-১ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/২৫ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.১৩৭.২০১৭-১২৭২**—যেহেতু, জনাব মোঃ মোরাদ আলী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর-এর বিরুদ্ধে গাংনী থানার মামলা নম্বর-০৭, তারিখ: ০৫ ডিসেম্বর ২০১৩ হতে উদ্ভূত জিআর মামলা নম্বর-৭৮০/১৩, ধারা-১৪৭/১৪৮/১৪৯/১৫২/৪৪৭/৩৪১/৩৫৩/১১৪ দণ্ডবিধি তৎসহ ১৯০৮ সালের বিস্ফোরক উপাদানাবলী আইনের ধারা ৩ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, জনাব মোঃ মোরাদ আলী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর এর বিরুদ্ধে গত ০৫ ডিসেম্বর ২০১৩ তারিখ সকাল ০৭.০০ ঘটিকায় গাংনী থানাধীন হাটবোয়ালিয়াস্থ পাইকারী কাঁচা বাজারের আড়তের সামনের পাকা রাস্তায় তার নেতৃত্বে ৪০০ হতে ৫০০ ব্যক্তি রামদা, লাঠি, বল্লম, হাসুয়া, ইটপাটকেল ও হাতবোমাসহ বেআইনী জনতায় জোটবদ্ধ হয়ে রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টি করে যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টি ও পুলিশের কাজে বাধা প্রদান এবং ইটপাটকেল নিক্ষেপ ও বোমা বিস্ফোরণ ঘটিয়ে জনমনে আতংক/ভীতি সৃষ্টি করার অভিযোগ রয়েছে। উক্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান স্বপদে বহাল থাকলে স্থানীয়ভাবে মামলার সাক্ষীদের ভয়ভীতি প্রদর্শনসহ মামলার কার্যক্রমে প্রভাব বিস্তার করতে পারেন। তার বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর প্রকৃতির হওয়ায় তার দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [ উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত ]-এর ধারা ১৩(খ)(১) অনুসারে মেহেরপুর জেলার গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ মোরাদ আলীকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**ড. জুলিয়া মঈন**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য :** টাকা ৪.০০